**বাংলাদেশ ব্যাংক**
**প্রধান কার্যালয়**
**মতিঝিল, ঢাকা-১০০০**
**বাংলাদেশ।**
www.bb.org.bd

আর্থিক প্রতিষ্ঠান ও বাজার বিভাগ

ডিএফআইএম সার্কুলার লেটার নং- ০২

তারিখঃ- ১৪ চৈত্র, ১৪২৩ বাংলা
২৮ মার্চ, ২০১৭ খ্রিষ্টাব্দ

প্রধান নির্বাহী/ ব্যবস্থাপনা পরিচালক
বাংলাদেশে কার্যরত সকল নন-ব্যাংকিং আর্থিক প্রতিষ্ঠান

প্রিয় মহোদয়,

**দশম জাতীয় সংসদের ২২৫ সুনামগঞ্জ-২ নির্বাচনী এলাকার শূণ্য আসনের ও কুমিল্লা সিটি কর্পোরেশন নির্বাচন উপলক্ষে ভোট গ্রহণের দিন (৩০ মার্চ ২০১৭ তারিখ, বৃহস্পতিবার) নন-ব্যাংকিং আর্থিক প্রতিষ্ঠান বন্ধ থাকা প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের জনপ্রশাসন মন্ত্রণালয়ের বিধি-৪ শাখার ২৩ মার্চ ২০১৭ তারিখের স্মারক নং- ০৫.০০.০০০০.১৭৩.০৮.০০২.১২-৭৩ এর প্রেক্ষিতে, কুমিল্লা সিটি কর্পোরেশন এলাকায় অবস্থিত নন-ব্যাংকিং আর্থিক প্রতিষ্ঠানসমূহে কর্মরত কর্মকর্তা/কর্মচারীদের ভোটাধিকার প্রয়োগ ও ভোট গ্রহণের সুবিধার্থে ৩০ মার্চ ২০১৭ তারিখ বৃহস্পতিবার কুমিল্লা সিটি কর্পোরেশনে অবস্থিত নন-ব্যাংকিং আর্থিক প্রতিষ্ঠানসমূহের সকল শাখা বন্ধ থাকবে।

উল্লেখ্য, সুনামগঞ্জ-২ আসনের আওতাধীন এলাকায় নন-ব্যাংকিং আর্থিক প্রতিষ্ঠানসমূহের কোন শাখা না থাকায় উক্ত আসনে এ নির্দেশ কার্যকর হবে না।

অনুগ্রহপূর্বক প্রাপ্তি স্বীকার করবেন ।

আপনাদের বিশ্বস্ত,

(ইফতেখার উদ্দিন আহমদ)
যুগ্ম-পরিচালক
ফোন ঃ ৯৫৩০০১০-৭৫/৩১৬৮